

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৯ বৈশাখ, ১৪১১/২২ এপ্রিল, ২০০৮

এস. আর. ও নং ১০৯ আইন/২০০৮ —যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Old. No.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-০৫-২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস. আর. ও ১০৮-আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্ঞ ঘোষণা করিয়াছে এবং প্রজ্ঞাপন নং এস. আর. ও ৩১১ আইন/২০০৩, তারিখ ৫-১১-২০০৩ ইং দ্বারা উক্ত Ordinance এর প্রযোজ্ঞাতা আরোও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হইয়াছে, যাহার মেয়াদ আগামী ১৯-৫-২০০৮ ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্ঞের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার এতদ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্ঞাতা আগামী ২০-৫-২০০৮ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বৃদ্ধি করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু জাফর
যুগ্ম-সচিব (শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুলোরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৪২৩)

মূল্য : টাকা ১.০০